

DEPUTY HIGH COMMISSION FOR
THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CHENNAI, INDIA

প্রেস বিজ্ঞপ্তি

চেন্নাইস্থ বাংলাদেশ উপ হাই কমিশনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

চেন্নাই, ২৮ মার্চ ২০২৩: গত ২৬ মার্চ ২০২৩ তারিখে যথাযোগ্য উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে চেন্নাইস্থ বাংলাদেশ উপ হাই কমিশন বাংলাদেশের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করেছে। উপ হাই কমিশন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনব্যাপী অনুষ্ঠানমালার শুরু হয়। উপ হাই কমিশনার জনাব শেলী সালেহীন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ছবিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করেন। আগত অতিথিবৃন্দ ও মিশনের কর্মকর্তাবৃন্দ বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে আত্মউৎসর্গকারী বীর শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করে এক মিনিট নীরবতা পালন করেন।

এরপর, জাতীয় জীবনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-এর গুরুত্ব ও তাৎপর্যের বিষয়ে আলোকপাত করে একটি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। পরবর্তীতে, স্বাধীনতা দিবসের উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। উপ হাই কমিশনার তাঁর বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতার জন্য জাতির জনকের অদম্য নেতৃত্ব ও ব্যক্তিগত ত্যাগের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী মুক্তিযোদ্ধারা বাংলাদেশের স্বাধীনতার জন্য যে চূড়ান্ত ত্যাগ স্বীকার করেছেন তা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করার পাশাপাশি বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' গড়ার জন্য কাজ করার জন্য সকলকে উদাত্ত আহ্বান জানান। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সদস্যবৃন্দ ও মহান মুক্তিযুদ্ধে আত্মউৎসর্গকারী বীর শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়ার আয়োজন করা হয়।

২৮ মার্চ সন্ধ্যায় চেন্নাইস্থ ITC Grand Chola হোটেলে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে একটি রিসেপশনের আয়োজন করা হয় যেখানে জনাব M. M. Rajendran, উড়িষ্যার সাবেক গভর্নর, এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বিভিন্ন দেশের কূটনীতিকেরা অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। চেন্নাইস্থ জার্মানি, জাপান, মালয়েশিয়া, রাশিয়া, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুর এর কনসাল জেনারেল এবং যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত কনসাল জেনারেল-দের পাশাপাশি ভারতের কেন্দ্রীয় ও তামিলনাড়ু রাজ্য সরকারে কর্মরত উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, ব্যবসায়িক নেতৃবৃন্দ, শিক্ষাবিদ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার সদস্যবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উপ হাই কমিশনার, তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বাংলাদেশের স্বাধীনতার জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী মুক্তিযোদ্ধা ও বীর শহীদদের অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি অত্যন্ত সম্মানের সাথে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে তৎকালীন ভারত সরকার ও ভারতীয় জনগণের অবদান ও ত্যাগের কথা স্মরণ করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বিভিন্ন অর্থনৈতিক ও সামাজিক সূচকে অভূতপূর্ব উন্নতির পাশাপাশি বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের অবদানের কথা তুলে ধরেন।

উক্ত রিসেপশনে বাংলাদেশের ইতিহাস, ভাষা সংগ্রাম, সংস্কৃতি, প্রাকৃতিক সৌন্দর্য, বাণিজ্য, বিনিয়োগের সুযোগ-সুবিধা ও উন্নয়নের সাথে সম্পর্কিত ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। চিরাচরিত বাংলা ও ভারতীয় বিশেষ করে দক্ষিণ ভারতীয় খাবার দ্বারা আমন্ত্রিত অতিথিদের আপ্যায়িত করার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

